

Intevit®

Herbal Medicine

Biotin USP 1000 mcg

For Healthy hair, nail & skin

Composition

Intevit® 1000 mcg: Each film coated tablet contains Biotin USP 1000 mcg.

Description

Biotin is an essential vitamin that is also known as vitamin B7 or vitamin H. It is involved in vital physiological function like fatty acid synthesis, amino acid catabolism and gluconeogenesis. It acts as a cofactor in the enzymatic carboxylation of pyruvate and acetyl-CoA. Biotin influences the growth and differentiation of epidermal cells and is therefore important for the formation and renewal of the skin, hair and nails. It functions as a coenzyme for mitochondrial carboxylases in hair roots

and improves the keratin structure. Biotin deficiency may result in hair loss and a variety of systemic symptoms such as dermatitis, and aciduria. Biotin is one of the most prescribed nutritional supplements for any kind of hair loss.

Indications

Biotin is indicated in-

- Biotin deficiency
- Hair loss
- Weak, brittle, splitting or soft nails
- Eczema & dermatitis

Dosage & Administration

Biotin dose varies depending on disease condition and age group. In adults: Generally 1-3 tablets per day or as advised by the physician. In children: Biotin deficiency affects between 1 week and 2 years of age and usually exhibits seizures, hypotonia, developmental delay, ataxia,

hyperventilation, and coma. In this case, 5-10 tablets daily, crushed and mixed with water or any kind of fruit juice or as advised by the physician.

Drug Interactions

There are indications that anticonvulsant drugs lower the plasma level of biotin. Antibiotic use may decrease the biotin contribution to the body made by the microflora of the large intestine. Excessive consumption of raw egg whites interferes with biotin absorption.

Contraindications

Contraindicated in patients with known hypersensitivity to Biotin.

Side effects

Well tolerated in the recommended dose. No biotin toxicity has been reported in individuals supplemented with as much as 200 mg orally or 20 mg intravenously per day.

Pregnancy & Lactation

Sufficient clinical data is not available to use in pregnant women and lactating mother.

Storage

Store in a dry place, below 30°C temperature and protected from light.

Packaging

Intevit® 1000 mcg: Each box contain 30 tablets in Alu-Alu blister strip.



Manufactured by:
Opsonin Herbal & Nutraceuticals Limited
Barishal, Bangladesh.

ইনটিভিট®

হারবাল ঔষধ

বায়োটিন ইউএসপি ১০০০ মাইক্রোগ্রাম

চুল, নখ এবং ত্বকের সুস্থতার জন্য

উপাদান

ইনটিভিট® ১০০০ মাইক্রোগ্রাম ট্যাবলেট: প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে বায়োটিন ইউএসপি ১০০০ মাইক্রোগ্রাম।

বিবরণ

বায়োটিন একটি প্রয়োজনীয় ভিটামিন যা ভিটামিন বি৭ অথবা ভিটামিন এইচ নামেও পরিচিত। এটি বিভিন্ন গুরুত্বপূর্ণ শরীরবৃত্তীয় কাজ যেমন- ফ্যাটি এসিড সংশ্লেষণ, অ্যামিনো এসিড ক্যাটাবলিজম এবং গ্লুকোনিয়োজেনেসিস ইত্যাদি এর সঙ্গে সম্পর্কিত। পাইরক্সেট এবং অ্যাসিটাইল-কোএ এর এনজাইমেটিক কার্বক্সিলেশনে এটি একটি কো-ফ্যাক্টর হিসেবে কাজ করে। বায়োটিন, এপিডার্মাল কোষের বৃদ্ধি ও বিভেদকে প্রভাবিত করে এবং এই কারণে চুল, ত্বক ও নখের গঠন এবং চুল, ত্বক ও নখের নতুন করে তৈরিতে খুব গুরুত্বপূর্ণ। এটি চুলের গোড়ায় থাকা

মাইট্রোকনড্রিয়াল কার্বক্সিলেশনের কো-এনজাইম হিসেবে কাজ করে এবং ক্যারাটিনের গঠন উন্নত করে। বায়োটিনের অভাবজনিত সমস্যায় চুল পড়ার পাশাপাশি অন্যান্য লক্ষণ যেমন- ডার্মাটাইটিস এবং এসিডিউরিয়া দেখা যায়। যে কোন ধরনের চুল পড়ার সমস্যায়, বায়োটিন সর্বাধিক ব্যবহারকৃত একটি ঔষধ।

নির্দেশনা ও ব্যবহার

- বায়োটিন ঘাটতি জনিত সমস্যা
- চুল পড়া
- দুর্বল, নরম এবং ভঙ্গুর নখ
- একজিমা এবং চর্মরোগ

মাত্রা ও সেবনবিধি

বায়োটিনের সেবনমাত্রা রোগের ধরণ এবং রোগীর বয়সের উপর নির্ভর করে। সাধারণত প্রতিদিন ১-৩ টি ট্যাবলেট সেব্য অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নির্দেশিত। শিশুদের ক্ষেত্রে ১ সপ্তাহ থেকে ২ বছর বয়সে বায়োটিনের অভাবজনিত সমস্যা যেমন- খিচুনি, বৃদ্ধি ব্যহত, মাংসপেশীর অসমক্রিয়া, অচেতনতা, ঘন ঘন

শ্বাস নেয়া ইত্যাদি দেখা যায়। শিশুদের এসকল রোগের ক্ষেত্রে ৫-১০ টি ট্যাবলেট গুঁড়া করে পানির সাথে বা ফলের জুসের সাথে মিশিয়ে খাওয়ানো যেতে পারে অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নির্দেশিত।

অন্য ঔষধের সাথে ক্রিয়া

এন্টিকনভালসেন্ট ঔষধসমূহ রক্তরসে বায়োটিনের পরিমাণ কমিয়ে দেয়। এন্টিবায়োটিক ব্যবহারের কারণে, বৃহদাঙ্গে উপস্থিত অণুবীক্ষণিক জীবের দ্বারা সৃষ্ট বায়োটিনের পরিমাণ কমে যায়। কাঁচা ডিমের সাদা অংশের অত্যধিক গ্রহণ শরীরে বায়োটিনের শোষণ ব্যহত করে।

প্রতিনির্দেশনা

বায়োটিনের প্রতি অতিসংবেদনশীল রোগীদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

পার্শ্বপ্রতিক্রিয়া

নির্দেশিত মাত্রায় শরীরের জন্য সহনশীল।

সর্বাধিক ২০০ মিগ্রা সেবনে বা ২০ মিগ্রা শিরাপথে গ্রহণ করার পরও কোন বিষক্রিয়ার তথ্য জানা যায়নি।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারের ক্ষেত্রে পর্যাপ্ত তথ্য জানা যায়নি।

সংরক্ষণ

আলো থেকে দূরে, ৩০°সে. তাপমাত্রার নিচে এবং শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহ

ইনটিভিট® ১০০০ মাইক্রোগ্রাম ট্যাবলেট: প্রতিটি বাক্সে রয়েছে অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে ৩০ টি ট্যাবলেট।



প্রস্তুতকারক:
অপসোনিন হারবাল এন্ড নিউট্রাসিউটিক্যালস লিমিটেড
বরিশাল, বাংলাদেশ।